দৈনিক বাংলা

তারিখ ... ১৮. ৯. ৭২
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

# চট্টগ্রাম ভার্সিটি বিএসসিতে পাসের হার ১১ শতাংশ

চট্টগ্রাম, ১৫ই সেপ্টেম্বর (বাসস)।—চট্টগাম বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত মোট ৩৭৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে চারশ ১৭ জন পরীক্ষার্থী বিএসসি (পাস) পরীক্ষা পাস করেছে। পাসের হার শতকরা ১১ জনের সামান্য বেশী

মাত্র একজন পরীক্ষার্থী ফার্স্ট ডিভিসন, ১০৮ জন সেকেন্ড ডিভিসন ও ৩০৮ জন থার্ড ডিভিসন পায়।

মোট ১৯৯ জন পরীক্ষার্থী সাপ্লিমেন্টারী বিএসসি (পাস) পরীক্ষা দেয় এবং তাদের মধ্যে ৯৩ জন পাস করে। পাসের শতকরা হার ৪৬ দশমিক ৭।

সবচেয়ে বেশীসংখ্যাক পরীক্ষার্থী চাঁদপুর সরকারী কলেজ থেকে পাস করে। পাসের হার শতকরা ২৮ দশমিক ৬ জন। এ কলেজ থেকে ৩১৮ জন পরীক্ষার্থী পরীক্ষা দেয়। তাদের মধ্যে ৯১ জন কৃতকার্য হয়। কুমিল্লার সরকারী মহিলা কলেজ দ্বিতীয় স্থান অধিকার করে। পাসের হার শতকরা ২৮ দশমিক ৫ জন। এ কলেজ থেকে মোট ৩৫ জন পরীক্ষার্থী পাস করে।

বিশ্ববিদ্যালয়ের অধীন ৬টি কলেজ থেকে কেউ পাস করেনি। কলেজগুলো হচ্ছে চট্টগ্রাম সরকারী মহিলা কলেজ, কুওয়াইশ-বুড়িশর শেখ মোহাম্মদ কলেজ, রাঙ্গামাটি সরকারী কলেজ, লক্ষীপুর সরকারী কলেজ, রামগঞ্জ সরকারী কলেজ ও খলিলুর রহমান ডিগ্রি কলেজ।

20

16